

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখে পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়ের উদ্যোগের বরিশাল জেলা প্রশাসনের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার জনাব সমাপ্তি রায়-এর নেতৃত্বে বরিশাল জেলা পুলিশ প্রশাসনের সহযোগিতায় বরিশালস্থ বরিশাল বিশ্ববিদ্যালয় এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। বাংলাদেশ পরিবেশ সংলক্ষণ আইন-১৯৯৫(সংশোধন-২০১০) এবং শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ মোতাবেক শব্দের মানমাত্রা অতিক্রমকারী হর্ণ ব্যবহার করায় ৩টি বাস ও ৩টি ট্রাকসহ সর্বমোট ০৬টি যানবাহনের চালককে সর্বমোট ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক তাৎক্ষণিক আদায় করা হয়। পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ তোতা মিয়া মোবাইল কোর্টে প্রশিকিউশন প্রদান করেন।

পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।



(মোঃ আব্দুল হালিম)

পরিচালক

পরিবেশ অধিদপ্তর

বরিশাল বিভাগীয় কার্যালয়

ফোন: ০২৭৪৮৮-৬৬৪৫২